(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল।
www.dife.tangail.gov.bd

নিশ্চিত করি শোভন কর্মপরিবেশ,
গড়ে তুলি স্মার্ট বাংলাদেশ

# ২০২২-২৩ অর্থবছরের অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মহর আলী মোল্লা<br>উপমহাপরিদর্শক |
| সভার তারিখ | ২৩/০৩/২০২৩ |
| সভার সময় | সকাল ১০.০০ টায় |
| স্থান | সভাকক্ষ, উপমহাপরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল |
| উপস্থিতি | হাজিরা সংযুক্ত |

সভায় উপস্থিত সম্মানিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শ্রম আইন ও শ্রম বিধিমালার বিধানাবলী বাস্তবায়ন, শিশুশ্রম নিরসন, দোকান/প্রতিষ্ঠান সাপ্তাহিক বন্ধ রাখা, রাত আটটার পর দোকান বন্ধ রাখা ইত্যাদিসহ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধান সম্পর্কে পাওয়ার পয়েন্টে উপস্থাপনার মাধ্যমে আলোচনার সূত্রপাত করেন।

সভায় উপস্থিত সকলে শ্রম আইন ও শ্রম বিধিমালার বিধানাবলী বাস্তবায়ন বিষয়ে গুরুত্বপূর্ণ মতামত ব্যক্ত করেন।

১। উপমহাপরিদর্শকের কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, টাঙ্গাইল এর হালনাগাদ সেবা প্রদান প্রতিশ্রুতি(সিটিজেন চার্টার) নির্ধারিত সেবাসমূহ সম্পর্কে সভায় উপস্থাপন করা হয়। এ কার্যালয়ের সেবা নিয়ে সভায় উপস্থিত সকলে সন্তোষ প্রকাশ করেন এবং অব্যাহত রাখার অনুরোধ করেন।

২। সভাপতি দোকান/প্রতিষ্ঠানে **শ্রম আইন ও শ্রম বিধিমালার বিধানাবলী বাস্তবায়নে মালিক,** মালিক সংগঠন, টাঙ্গাইল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, দোকান কর্মচারী ইউনিয়নের সহায়তা কামনা করেন। টাঙ্গাইল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির প্রতিনিধি জনাব ফয়সাল করিম সামীম জানান যে, এ বিষয়ে সহযোগিতা করার জন্য মালিক সমিতিকে বলা হয়েছে। সহযোগিতা অব্যাহত থাকবে বলে সভায় জানান তিনি। দোকান কর্মচারী ইউনিয়নের প্রতিনিধি বলেন, দোকান/প্রতিষ্ঠানে **শ্রম আইন ও শ্রম বিধিমালার বিধানাবলী বাস্তবায়নে পরিদর্শকরা পরিদর্শন করেন। কিন্তু** এ বিষয়ে শ্রম পরিদর্শকদের পরিদর্শন অব্যাহত রাখতে হবে ও নিয়মিত মনিটরিং বাড়াতে হবে।

৩। **বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ মোতাবেক** রাত আটটার পর দোকান/প্রতিষ্ঠান বন্ধ রাখা, সাপ্তাহিক বন্ধ রাখার বিধান আছে। শ্রম পরিদর্শক (সাধারণ) জনাব মোঃ আমিনুল ইসলাম জানান, দোকান/প্রতিষ্ঠানসমূহের সাপ্তাহিক বন্ধ, রাত আটটার পর দোকান/প্রতিষ্ঠান বন্ধ রাখার বিষয়ে নিয়মিত মনিটরিং করা হচ্ছে। এ বিষয়ে মালিকদের সংগঠন টাঙ্গাইল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সহায়তা কামনা করা হয়। টাঙ্গাইল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির প্রতিনিধি জনাব ফয়সাল করিম সামীম জানান, এ সংক্রান্ত সরকারী নির্দেশনা ও পত্র বিভিন্ন মালিক সমিতিকে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে সহযোগীতা অব্যাহত থাকবে বলে সভায় তিনি জানান। দোকান কর্মচারী ইউনিয়নের সহ-সাধারণ সম্পাদক জনাব মোঃ সাইদুল বলেন, দোকান শ্রমিক/কর্মচারীদের সাপ্তাহিক বন্ধ, রাত আটটার পর দোকান বন্ধ রাখার বিষয়ে শ্রম পরিদর্শকদের নিয়মিত

মনিটরিং অব্যাহত রাখতে হবে।

৪। শিশুশ্রম নিষিদ্ধ। শিশুকে শ্রমে নিয়োগ করা অভিভাবক ও নিয়োগকারী উভয়ের জন্যই দন্ডনীয় অপরাধ। এ বিষয়ে উপস্থাপনা করা ও জনসচেতনতামূলক প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। ২০২৫ সালের মধ্যে সকল সেক্টর হতে শিশুশ্রম মুক্ত করতে শিশুশ্রম নিরসনে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়সহ কয়েকটি মন্ত্রণালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, সরকারী-বেসরকারী দপ্তর/সংস্থা, জেলা/উপজেলা শিশুশ্রম পরিবীক্ষন কমিটি কাজ করতে বলে সভায় উল্লেখ করে  সভাপতি শিশুশ্রম নিরসনে মালিক ও শ্রমিক সংগঠনের সহযোগিতা অব্যাহত রাখার আহবান জানান। শিশুশ্রমিক কর্মরত দেখা যায় এমন সেক্টর যেমন- ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ, অটোমোবাইল ও মটর সাইকেল মেরামত ওয়ার্কসপ, বেকারী, হোটেল রেস্তোরা, দোকান প্রতিষ্ঠানসমূহে শিশুকে নিয়োগ না করার জন্য সংশ্লিষ্ট সেক্টরের শ্রমিক সংগঠন, অভিভাবক ও মালিকগণকে উদ্বুদ্ধকরণ সহ প্রচার-প্রচারণা বৃদ্ধি এবং শিশুশ্রম নিরসনে সহযোগিতা করার অনুরোধ জানানো হয়।

৫। সুশাসন প্রতিষ্ঠায় এ কার্যালয়ের সেবাসমূহ লিমা এপস এর মাধ্যমে প্রদান করা হয় বলে সভাকে অবহিত করা হয়। চতুর্থ শিল্প বিপ্লব আমাদের সামনে। যা অত্যাধুনিক তথ্য-প্রযুক্তি নির্ভর। এতে করে শিল্প কারখানায় বিভিন্ন চ্যালেঞ্জের সম্মূখীন হতে হবে আমাদের। তাই চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় আমাদের এখন থেকেই প্রস্তুতি গ্রহণ করা দরকার বলে সকলে মত ব্যক্ত করেন।

৬। শ্রম সম্পর্কিত যেকোন অভিযোগ হেল্পলাইন ১৬৩৫৭, লিমা এপস, ইমেইল ব্যবহার করে বা লিখিত আকারে দাখিল করা যায়। অভিযোগ দ্রুততার সাথে নিষ্পন্ন করা মর্মে সভায় জানানো হয় এবং সভায় উপস্থিত সকলে এ ধারা অব্যাহত রাখার জন্য মত প্রকাশ করেন।

বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১. হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর সেবাসমূহ যথাযথভাবে প্রদান অব্যাহত রাখতে হবে;

২.বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এরবিধানাবলী বাস্তবায়নে পরিদর্শন, উদ্বুদ্ধকরণ ও মনিটরিং বৃদ্ধি করতে হবে;

২. শিশুকে কাজে নিয়োগ করা যাবে না। শিশুকে কাজে নিয়োগ না করার জন্য কারখানা/প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে উদ্বুদ্ধ করতে হবে;

৩. শিশুশ্রম নিরসনে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাইকিং, পোস্টার, লিফলেট বিতরণ প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে;

৪. শিশুকে কাজে নিয়োগ করা হলে প্রথমে কর্তৃপক্ষকে উদ্বুদ্ধ করতে হবে। তারপরও যদি শিশুকে কাজে রাখে তাহলে আইনানুগ ব্যবস্থা/মামলা রুজু করা যাবে।

৫. দোকান/প্রতিষ্ঠানে সাপ্তাহিক বন্ধ রাখতে হবে;

৬. রাত আটটার পর দোকান/প্রতিষ্ঠান খোলা রাখা যাবে না;

৭. নিয়মিত মনিটরিং অব্যাহত রাখতে হবে;

৮. চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় আমাদের এখন থেকেই প্রস্তুতি গ্রহণ করতে হবে।

৯। শ্রম সম্পর্কিত অভিযোগ দ্রুততার সাথে নিষ্পন্ন করার ধারা অব্যাহত রাখতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০১-০৪-২০২৩
মহর আলী মোল্লা
উপমহাপরিদর্শক
০২৯৯৭৭৫৩৩১৮
digfe.tangail@gmail.com

তারিখ: ১৭ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪০.০১.৯৩০০.১০৪.১৬.০১৭.১৯.৬৯

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;

২। উপ মহাপরিদর্শক, স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;

৩। সকল কর্মকর্তা-কর্মচারী, উপমহাপরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল;

৪। মালিক/ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, জনাব............................................ এবং

৫। অফিস কপি।

০১-০৪-২০২৩
মহর আলী মোল্লা
উপমহাপরিদর্শক